ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬৫৯
জম্পুইজলা, ১৩ মে, ২০২৫

**জম্পুইজলা মহকুমায় ১০টি**
**বিদ্যালয়ে আলোচনা সভা**

আজ জম্পুইজলা মহকুমা প্রশাসনের উদ্যোগে জম্পুইজলা মহকুমার অন্তর্গত ১০টি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে বেটি বাঁচাও, বেটি পড়াও, নেশা বিরোধী, বাল্য বিবাহ, টিনেজ প্রেগনেন্সি'র উপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মিশন সংকল্প প্রকল্পে আলোচনা সভাগুলি অনুষ্ঠিত হয়। শ্রীনগর গাবর্দী দ্বাদশমান বিদ্যালয়, টাকারজলা নর্থ হাইস্কুল, প্রমোদনগর দ্বাদশমান বিদ্যালয়, সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশমান বিদ্যালয়, পাথালিয়াঘাট হাইস্কুল, টাকারজলা (সাউথ) দ্বাদশমান বিদ্যালয়, জম্পুইজলা দ্বাদশমান বিদ্যালয়, অর্জুন ঠাকুর পাড়া হাইস্কুল, উজান গনিয়ামারা হাইস্কুল এবং তেলারবন হাইস্কুলে আলোচনা সভাগুলি অনুষ্ঠিত হয়। সেমিনারে জম্পুইজলার ডিসিএম-গণ, জম্পুইজলার বিডিও ও অ্যাডিশনাল বিডিও, জম্পুইজলার বিদ্যালয় পরিদর্শক ও মহকুমা পর্যায়ের আধিকারিকগণ ও চিকিৎসকগণ উপস্থিত ছিলেন।

******